গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি" এর ২০২৪ সালের প্রথম সভার সিদ্ধান্ত ১১ (১৩) অনুয়ায়ী "ঢাকা মশক নিবারণী দপ্তরের" কার্যক্রম আরও গতিশীল করার করণীয় বিষয়ে সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ শামছুল ইসলাম<br>উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>ঢাকা মশক নিবারণী দপ্তর, লালবাগ, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ মার্চ ২০২৪ খ্রি:, সোমবার, সকাল ৯.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০৯)<br>২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১। |
| উপস্থিত কর্মচারীদের তালিকা | : | **পরিশিষ্ট-"ক"** |

**সভার আলোচনা:**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি" এর ২০২৪ সালের প্রথম সভার সিদ্ধান্ত ১১ (১৩) মোতাবেক "ঢাকা মশক নিবারণী দপ্তরের" কার্যক্রম আরও গতিশীল করতে হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়। উক্ত নির্দেশনা/সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধকল্পে মশার কামড় হতে নগরবাসীকে রক্ষার জন্য ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে নিয়োজিত মশক কর্মীগণকে আরো বেশি কর্ম তৎপরতা দেখাতে হবে। মশক কর্মীর নিজেদের সুরক্ষার পাশাপাশি ডেঙ্গুর প্রজনন স্থল ধ্বংস/বিনষ্ট করাসহ ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে স্ব স্ব এলাকার অঞ্চলগুলোতে সকলকে কাজ করতে হবে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)-কে আহবান জানান।

২। জনাব মোঃ জামাল উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভার আলোচ্যসূচি অনুযায়ী "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি" এর ২০২৪ সালের প্রথম সভার সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। ঢাকা মশক নিবারণী দপ্তরের হিসাব রক্ষক জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া ও স্টোর কিপার জনাব মোঃ গিয়াস উদ্দিন আলোচনায় অংশগ্রহণ করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সংযুক্ত সুপারভাইজার ও ইনসেক্ট কালেক্টরগণের মধ্যে জনাব মোঃ লুৎফর রহমান খান, সুপারভাইজার; জনাব মোঃ আনোয়ার শাদাৎ, সুপারভাইজার; জনাব এস, এম মনিরুল ইসলাম, সুপারভাইজার; জনাব মোঃ নজরুল ইসলাম, সুপারভাইজার এবং জনাব মোঃ সুলতান ফরাজী, ইনসেক্ট কালেক্টর বক্তব্য রাখেন এবং মশক নিবারণী দপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য নিম্নবর্ণিত মতামত/প্রস্তাব প্রদান করেন:

- মশক নিধন কাজের জন্য ব্যবহৃত মান সম্মত কীটনাশকের ব্যবস্থা করা;
- মশক কর্মীদের নিয়মিত মাঠপর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- মশক নিধন কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও মেশিন মেরামতের জন্য ওয়ার্কশপ নির্মাণ করা;
- সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন নর্দমা, খাল জলাশয়ের কচুরীপানা ও জলজ আগাছা পরিস্কারের ব্যবস্থা করা;

- মশক নিধন কাজে প্রয়োজনীয় জনবল নিয়োগ করা;
- দ্বৈত শাসন থেকে মশক নিবারণী দপ্তর একক/স্বাধীনভাবে কাজ করার ব্যবস্থা গ্রহণ করা;
- সামাজিক সচেতনতা বৃদ্ধি ও জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে লিফলেট বিতরণ ও মাইকিং, মসজিদ, মন্দির, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে সম্পৃক্তকরণ ব্যবস্থা গ্রহণ করা;
- মশক নিধনের জন্য পরিস্কারকৃত জলাশয়ে জৈব/প্রাকৃতিক ভাবে মশার লার্ভা ধ্বংসের জন্য মাছ চাষের ব্যবস্থা গ্রহণ করা;
- মশক নিধনের জন্য কর্মপরিকল্পনা তৈরী করা;
- ঢাকা মশক নিবারণী দপ্তর হতে মাঠ পর্যায়ে তদারকির ব্যবস্থা করা;
- ঢাকা মশক নিবারণী দপ্তরকে অধিদপ্তরে রূপান্তর করে মশক নিধন কার্যক্রমকে প্রতিটি জেলা, থানা ও ইউনিয়ন পর্যায়ে বিস্তৃত করার ব্যবস্থা গ্রহণ করা;
- ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক মশক নিধনের বার্ষিক কর্মপরিকল্পনা তৈরী করা;
- প্রতি মাসে মাঠপর্যায় থেকে কাজের ফলাফল সংগ্রহ করা;
- মশক কর্মীদের সাথে যথাযথভাবে কাজের সমন্বয় সাধন নিশ্চিত করা এবং মশক সুপারভাইজারদের স্বতন্ত্রভাবে কাজ করার সুযোগ সৃষ্টি করা;
- দৈনিক ৪ বেলা হাজিরা প্রদানের পরিবর্তে ০১ (এক) বেলা হাজিরা নেওয়ার ব্যবস্থা গ্রহণ করা;
- মশার প্রজননস্থল হতে মশার লার্ভা সংগ্রহ করার জন্য প্রতি ওয়ার্ডে একজন করে "ইনসেক্ট কালেক্টর" নিয়োগ করে সরাসরি মশক নিবারণী দপ্তরের মাধ্যমে পরিচালনা/নিয়ন্ত্রণ করা;
- ১৯৮৭ সালের মতো প্রতি সপ্তাহে ১ (এক) দিন কচুরিপানা পরিষ্কার করার উদ্যোগ গ্রহণ করা;
- মশক কীট পরীক্ষা-নিরীক্ষার জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরে একটি ল্যাব প্রতিষ্ঠা করা।

৩। বিস্তারিত আলোচনা শেষে "ঢাকা মশক নিবারণী দপ্তরের" কার্যক্রম আরও গতিশীল করার নিমিত্ত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ঢাকা মশক নিবারণী দপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠমো পরিবর্তন করে নতুন জনবল, যন্ত্রপাতি ও কীটনাশক ক্রয় করার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০২ | ঢাকা মশক নিবারণী দপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোর শূন্য পদগুলো পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ছাড়পত্র প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৩ | মেশিন ও যন্ত্রপাতি মেরামতের জন্য ওয়ার্কসপ নির্মাণ করা, দক্ষ টেকনেশিয়ান/মিস্ত্রীর মাধ্যমে অকেজো মেশিন ও যন্ত্রপাতি মেরামত করা এবং মেশিনের খুচরা যন্ত্রাংশ ক্রয় করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৪ | মাঠ পর্যায়ে মশক নিধন কাজের নিয়মিত তদারকি করা এবং প্রতি মাসে মাঠ পর্যায় থেকে কাজের ফলাফল সংগ্রহ করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |

| | | |
|---|---|---|
| ০৫ | ঢাকা মশক নিবারণী দপ্তরের মাঠপর্যায়ে মশক নিধন কর্মীদের (সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রুদের) নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৬ | জন সচেতনতা বৃদ্ধি ও জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে লিফলেট বিতরণ ও মাইকিং, মসজিদ, মন্দির, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে সম্পৃক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৭ | ১। মশার প্রজনন কেন্দ্র বা প্রজনন স্থল ধ্বংসের লক্ষ্যে বাড়ী/হোল্ডিং পর্যায়ে পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করতে হবে। একদিন পর পর কীটনাশক প্রয়োগের স্থানে লার্ভার বংশ বিস্তার হচ্ছে কিনা তা পরীক্ষা করতে হবে;<br>২। ফগিং মেশিন দ্বারা কীটনাশক-কে ধূমায়িত করে এডাল্ট/উড়ন্ত মশা নিধন করতে হবে; | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৮ | মশক কীট পরীক্ষা-নিরীক্ষার জন্য স্থায়ী ল্যাব প্রতিষ্ঠা করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৯ | ঢাকা মশক নিবারণী দপ্তরের কার্যক্রম ঢাকা তথা সারা দেশব্যাপী বিস্তৃত করার উদ্দেশ্যে ঢাকা মশক নিবারণী দপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) সংশোধন করে একটি পূর্ণাঙ্গ অধিদপ্তর প্রতিষ্ঠার প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |

৪। পরিশেষে সভাপতি "ঢাকা মশক নিবারণী দপ্তর"-এর কার্যক্রম আরও গতিশীল করার নিমিত্ত অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৩/২০২৪

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৯২৯৭
E-mail: dmco@lgd.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.০৬.০০২.২২-১৫০/১(২০) তারিখ ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ২৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।

৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।

৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল--------, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

৬। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু (সকল), অঞ্চল---, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

৭। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৮। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

৯। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

২৮/০৩/২০২৪

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।